4.11 - 4.13

সূত্র:নাসি /০৩/২০২২/৩২২

শাহজালাল
০৩ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশ

সূত্রঃ-

তারিখঃ ১৮/০৫/২০২৩খ্রি.।

# সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা-২০২২ মোতাবেক গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২৩/০৫/২০২৩খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকায় সম্মানীত ০৩ নং ওয়ার্ড কাউন্সিলর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাযসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

(শাহজালাল)
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ০৩ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার (২য় তম সভা) কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব শাহজালাল
কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৩
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ওয়ার্ড নং ঃ ০৩
সভার তারিখ ঃ ১৫/০৩/২০২৩ খ্রি.
সভার সময় ঃ সকাল ১০.০০ ঘটিকায়
সভার সভার স্থান ঃ ০৩ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যলিয়।

**সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ৩নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব শাহজালাল কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ ইমামুল হোসেনকে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী- ১: গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | কার্যবিবরনী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ইমামুল হোসেন পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী-২: বিশুদ্ধ পানি সরবরাহ নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিশুদ্ধ পানি সরবরাহ নিয়ে আলোচনা। | WLCC'র সদস্য জনাব তাসলিমা বেগম বলেন যে, ৩নং ওয়ার্ডে পানির খুবই সমস্যা ওয়াসা থেকে যে পানি পাওয়া যায় তা খুবই নোংরা ও দুর্গন্ধ। তিনি আরও জানান ওয়াসার বিল তারা নিয়মিত পরিশোধ করে যাচ্ছেন কিন্তু চাহিদা মোতাবেক পানি পাচ্ছেন না। তাই তিনি এখানে একটি পানির পাম্প স্থাপন করার জোর দাবী জানান। | সুপারিশটি সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৩: আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত/ সুপারিশ (বাস্তবায়নের সময়সূচী) | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা। | WLCC'র সদস্য জনাব মোঃ সৈয়দ আশরাফ বলেন যে, এই ওয়ার্ডে অধিক হারে মাদক সেবনকারী দিন দিন বেড়ে চলচ্ছে। যার কারনে চুরি-ছিনতাই ও ইপটিজিং ইত্যাদি অপরাধ মূলক কাজে তারা লিপ্ত হচ্ছে। তাই তিনি এই অপরাধ মূলক কাজে যাতে লিপ্ত না হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। | সভায় সর্বসম্মাতিক্রমে আইন শৃংঙ্খলা বাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিল, আইন শৃংঙ্খলা বাহিনী ও WLCC'র সদস্য। |

আলোচ্যসূচী-৪: চলমান অবকাঠামো উন্নয়ণ অগ্রগতি।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| চলমান অবকাঠামো উন্নয়ণ অগ্রগতি। | WLCC'র সদস্য সচিব জনাব মোহাম্মদ ইমামুল হোসেন বলেন যে, ৩ নং ওয়ার্ডে ০৭টি প্রকল্প রয়েছে। এই ০৭টি প্রকল্পের মধ্যে সমাপ্ত হয়েছে ০৩টি, চলমান রয়েছে ০২টি, টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে ০২টি, এই সকল প্রকল্পের মধ্যে আর সি সি ড্রেন- ৭,৮০৯ মিটার এবং আর সি সি রোড- ১০,৭৪৫ মিটার, যার চুক্তি মূল্য পরিমান- ২৭,৮৮,০২,৮৭৩.০০ টাকা। | ০৩ নং ওর্য়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৫: বিবিধ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | WLCC'র সদস্য জনাব মোঃ জিয়াউল হক বলেন যে, ৩নং ওয়ার্ডে দিন দিন কুকুরের উপদ্রব বেড়েই চলেছে। তিনি কুকুর নিধনের অনুরোধ জানান। | কুকুর নিধনের ব্যাপারে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে। কিন্তু কুকুর যাতে বংশ বিস্তার না করতে পারে তার জন্য কুকুরকে একটি ভ্যাকসিন প্রদান করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৫: নাগরিক চাহিদা

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| নাগরিক চাহিদা | ৩ নং ওয়ার্ডে মাদানী নগর মাদ্রাসার সম্মুখে রুহুল আমিন শেখের বাড়ি হতে উত্তর দিকে আব্দুল করিম এর বাড়ি পর্যন্ত আর সিসি রাস্তা ও ড্রেন নির্মাণ। | উক্ত বিষয়টি যথাযথ ভাবে কার্যকর হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জনাব শাহজালাল)
চেয়ারপার্সন, ৩নং WLCC
ও
কাউন্সিলর, ০৩নং ওয়ার্ড
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
মোবাইল ঃ ০১৭১১৬৬৬০১৫

## ০৩ নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর নিম্নরুপঃ

| ক্রঃ নং- | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | **শাহজালাল,** কাউন্সিলর সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ড | সভাপতি | |
| ০২ | **মাকসুদা মোজাফফর,** সংশ্লিষ্ট এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর | সহ- সভাপতি | |
| ০৩ | মোঃ আব্দুল বারেক, মোঃ ঈমন (নিম্ন আয়ের প্রতিনিধি) | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ পলাশ, মোঃ বাবু, মোঃ মাঈন উদ্দিন, মোঃ মতিন, মোঃ নুরুল হক (সুশীল সমাজ) | সদস্য | |
| ০৫ | জনাব মুসা সুমন, জনাব শেকেরুল ইসলাম রিপন (পেশাজীবি সংগঠনের প্রতিনিধি) | সদস্য | |
| ০৬ | জনাব মিলেনুর রাজু, জনাব মোঃ সফিকুল ইসলাম (যুব ও ক্রীড়া সংগঠনের প্রতিনিধি) | সদস্য | |
| ০৭ | জনাবা সাহিদা আক্তার, জনাবা তাসলিমা বেগম (নারী প্রতিনিধি) | সদস্য | |
| ০৮ | বীর মুক্তিযোদ্ধা জনাব আবু জাফর টিপু ( মুক্তিযোদ্ধা) | সদস্য | |
| ০৯ | জনাব মোঃ নুর ( গণমাধ্যম প্রতিনিধি) | সদস্য | |
| ১০ | **মোহাম্মদ ইমামুল হোসেন,** ওয়ার্ড সচিব | সদস্য সচিব | |